Bengali | বাংলা

Mayor's Office of Immigrant Affairs | অভিবাসী বিষয়ক মেয়রের কার্যালয়

অভিবাসী নিউ ইয়র্কবাসীদের জন্য প্রয়োজনীয় তথ্য

নিউ ইয়র্ক সিটি সরকার, অভিবাসন মর্যাদা নির্বিশেষে, আপনাকে সাহায্য করার জন্য আপনার পাশে আছে।

অভিবাসন বিষয়ক সহায়তা

বিনামূল্যে ও নিরাপদ অভিবাসন বিষয়ক আইনি সহায়তার জন্য ফোন করুন 800-354-0365 নম্বরে, সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত।

NYC-র পরিচয়পত্র

IDNYC-র জন্য আবেদন করুন, এটি 10 বছর বা তার বেশি বয়সের NYC-র সকল বাসিন্দার জন্য সিটি কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বিনামূল্যের পরিচয়পত্র। অনলাইনে নবায়ন করতে বা নথিভুক্ত হতে একটি অ্যাপয়েন্টমেন্টের জন্য **ফোন করুন 311** নম্বরে অথবা **nyc.gov/idnyc** এই ওয়েবসাইটটি দেখুন।

ইংরেজি ক্লাস

যেকোনও সময়, যেকোনও জায়গায় **বিনামূল্যে ইংরেজি** ক্লাস করুন। আরও তথ্যের জন্য **wespeaknyc.cityofnewyork.us** এই ওয়েবসাইটটি দেখুন।

স্বাস্থ্যসেবা

NYC Health + Hospitals (H+H) জরুরি সেবা, প্রাথমিক স্বাস্থ্যসেবা, চেক-আপ, টিকাদান এবং আরও অনেক সেবা প্রদান করতে পারে। আপনার নিকটবর্তী কেন্দ্রে যেতে **1-844-NYC-4NYC (1-844-692-4692)** এই নম্বরে ফোন করুন। **NYC Care** কর্মসূচিসহ স্বাস্থ্য বিমা পরিকল্পনায় অন্তর্ভুক্ত হতে, **646-NYC-CARE (646-692-2273)** এই নম্বরে ফোন করুন অথবা **nyccare.nyc** এই ওয়েবসাইটটি দেখুন।

মানসিক স্বাস্থ্য

গোপনীয়তার সাথে মানসিক স্বাস্থ্য সেবা ও নেশাজাতীয় দ্রব্য ব্যবহার থেকে পরিত্রাণ পাবার জন্য তথ্য সহায়তা ও প্রয়োজনীয় সংযোগ পেতে **888-692-9355** বা **988** নম্বরে ফোন করুন অথবা **65173** এই নম্বরে **WELL** লিখে টেক্সট করুন। নিউ ইয়র্কবাসীরা বিভিন্ন ভাষায় মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ক তথ্যের জন্য **nyc.gov/mentalhealthaccess** এই ওয়েবসাইটটি দেখুন, অথবা মানসিক স্বাস্থ্যসেবা খুঁজে পেতে NYC-র 988 অনলাইন ডিরেক্টরি ব্যবহার করতে পারেন **nyc.gov/mentalhealthservices** এই ওয়েবসাইটে গিয়ে।

জরুরি অবস্থা

জরুরি অবস্থায়, 911 নম্বরে ফোন করুন। জরুরি অবস্থা বলতে ঐসব পরিস্থিতিকে বোঝায়, যখন তাৎক্ষণিকভাবে পুলিশ, দমকল বাহিনী বা অ্যাম্বুলেন্স সহায়তার প্রয়োজন হয়। **আইন অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ অপরাধের শিকার, সাক্ষী বা অন্য যারা সাহায্য চায় তাদের অভিবাসন মর্যাদা নিয়ে কোনও প্রশ্ন করতে পারবে না।**

সরকারি শিক্ষা

NYC-র 4 থেকে 21 বছর বয়সী সকল শিশু সরকারি স্কুলে পড়তে পারে। স্কুলে ভর্তি হতে **schools.nyc.gov/fwc** এই ওয়েবসাইটটি দেখুন অথবা **ফোন করুন 311নম্বরে**।

সিটি সরকার সম্পর্কিত সাধারণ তথ্য

সিটি সরকারের বিভিন্ন সেবা সম্পর্কে তথ্য পেতে চান বা কোনও সমস্যা সম্পর্কে রিপোর্ট করতে চান? ফোন করুন **311** নম্বরে অথবা **portal.311.nyc.gov** এই ওয়েবসাইটটি দেখুন।

NYC অভিবাসী বিষয়ক হটলাইন

সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত **আমাদের হটলাইনে 212-788-7654 নম্বরে ফোন করুন** অথবা আমাদেরকে ইমেইল করুন **askmoia@cityhall.nyc.gov** এই ঠিকানায়।

Mayor's Office of Immigrant Affairs | অভিবাসী বিষয়ক মেয়রের কার্যালয়

অভিবাসী নিউ ইয়র্কবাসীদের জন্য প্রয়োজনীয় তথ্য

অভিবাসন মর্যাদা নির্বিশেষে, আপনার অধিকার আছে।

অভিবাসন জালিয়াতি এড়িয়ে চলুন

আপনার যদি অভিবাসন সংক্রান্ত আইনি পরামর্শের প্রয়োজন হয়, শুধু একজন লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি বা DOJ-স্বীকৃত একজন প্রতিনিধির কাছে যান। আপনি **nyc.gov/immigrants** এই ঠিকানায় লাইসেন্সপ্রাপ্ত ও স্বীকৃত আইনি সেবা প্রদানকারীদের তালিকা পেতে পারেন।

অভিবাসন আইন প্রয়োগকারীদের মোকাবিলায় আপনার অধিকার

NYC কর্তৃপক্ষ অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থার কার্যক্রম পরিচালনা করে না। ফেডারেল অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থার মুখোমুখি হলে, পরিস্থিতি মোকাবিলায় আপনার কিছু অধিকার আছে। এ বিষয়ে জানতে **nyc.gov/knowyourrights** ওয়েবসাইটটি দেখুন বা আমাদের বিনামূল্যের অভিবাসন বিষয়ক আইনি সহায়তা হটলাইনে ফোন করুন **800-354-0365** নম্বরে।

কর্মীদের অধিকার

নিউ ইয়র্ক সিটি সরকারের আইনের অধীনে আপনার বেতনসহ অসুস্থতাজনিত ছুটি, ন্যূনতম মজুরি, ওভারটাইমের বেতন এবং আরও অনেক কিছু পাওয়ার অধিকার রয়েছে। বিস্তারিত তথ্য জানতে দেখুন **nyc.gov/workers** অথবা কল করুন **212-436-0380** নম্বরে।

বৈষম্যের শিকার হলে রিপোর্ট করুন

NYC মানবাধিকার আইন অনুযায়ী হয়রানি এবং বৈষম্য করা বেআইনি। কোনও বৈষম্যের ঘটনা সম্পর্কে রিপোর্ট করতে, অনুগ্রহ করে **212-416-0197** নম্বরে ফোন করুন অথবা **nyc.gov/reportdiscrimination** এই ওয়েবসাইটটি দেখুন।

গার্হস্থ্য সহিংসতার বিরুদ্ধে সুরক্ষা

আপনি যদি সহিংসতার সম্মুখীন হন তবে আপনাকে সাহায্য করার জন্য NYC কর্তৃপক্ষ আপনার পাশে আছে। আপনি **nyc.gov/nychope** এই ওয়েবসাইটটিতে দেখতে পারেন অথবা NYC-র গার্হস্থ্য সহিংসতার হটলাইনে ফোন করতে পারেন **800-621-HOPE** নম্বরে।

ভাড়াটিয়াদের অধিকার

উচ্ছেদ বা আপনার বাড়িওয়ালা সংক্রান্ত কোনো সমস্যা সম্পর্কে সাহায্যের প্রয়োজন? বিনামূল্যে আইনি সহায়তার জন্য **nyc.gov/tenantprotection** এই ওয়েবসাইটটি দেখুন অথবা **311** নম্বরে ফোন করে বলুন **"tenant helpline"**।

আশ্রয় পাওয়ার অধিকার

আপনি যদি গৃহহীনতার সম্মুখীন হন তবে আপনার আশ্রয়ের অনুরোধ জানানোর অধিকার রয়েছে। গৃহহীনদের জন্য সেবা বিভাগ (DHS) মনোনীত ভর্তি কেন্দ্রে গিয়ে আশ্রয় পরিষেবাগুলির সুবিধা গ্রহণ করুন। বিস্তারিত জানতে **311** নম্বরে ফোন করুন।

ভোক্তা সুরক্ষা

কোনো ব্যবসা নিয়ে সমস্যা হচ্ছে? একজন ভোক্তা হিসেবে আপনার কিছু অধিকার আছে। **nyc.gov/consumers** এই ওয়েবসাইটে গিয়ে কিংবা **311** নম্বরে ফোন করে অভিযোগ দায়ের করুন।